দৈনিক সংবাদ

তারিখ 23 MAY 1992

পৃষ্ঠা ... কলাম ...

## প্রস্তাবিত অনুমোদনকারী বিশ্ববিদ্যালয়

# মন্ত্রিসভা সাব-কমিটি খসড়া আইন সংশোধন করবে

॥ রেজা রায়হান ॥

অনুমোদনকারী বিশ্ববিদ্যালয়ের নাম এবং এর লক্ষ্য, উদ্দেশ্য ও কর্মপন্থা নিয়ে জটিলতা সৃষ্টি হওয়ায় এ সম্পর্কে আইন প্রণয়নে বিলম্ব হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়ের এ সম্পর্কিত প্রস্তাবের সাথে মন্ত্রিসভার দুই দফা মতপার্থক্যের পর অনুমোদনকারী বিশ্ববিদ্যালয়ের নামকরণ, মূল ধারণার সাথে সামঞ্জস্য রেখে এ প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য প্রণয়ন এবং সংশ্লিষ্ট আইনের খসড়া সংশোধনের জন্য একটি মন্ত্রিসভা সাব-কমিটি গঠন করা হয়েছে।

শিক্ষামন্ত্রীকে আহ্বায়ক করে গঠিত এ সাব-কমিটির অন্য সদস্যরা হলেনঃ জ্বালানিমন্ত্রী, পূর্তমন্ত্রী, পরিকল্পনামন্ত্রী ও আইন প্রতিমন্ত্রী।

### শিক্ষার মানোন্নয়ন

ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে অ্যাফিলিয়েটেড ডিগ্রী কলেজসমূহকে পৃথক করে অনুমোদনকারী বিশ্ববিদ্যালয়ের আওতায় আনাই হচ্ছে এ বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রধান উদ্দেশ্য। এ বিশ্ববিদ্যালয় দেশের ডিগ্রী কলেজসমূহের শিক্ষার গুণগত মানের অবক্ষয়রোধ এবং একাডেমিক, প্রশাসনিক, ব্যবস্থাপনা ও অন্যান্য ক্ষেত্রে কলেজ শিক্ষার বাস্তব ও অর্থবহ উন্নতি সাধনের প্রয়াস চালাবে।

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সরকারের আমলে অনুমোদনকারীরা বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা নেয়া হলেও এ ব্যাপারে সুনির্দিষ্ট সিদ্ধান্ত নেয়া হয় '৮৮ সালের ৭ই ডিসেম্বর মন্ত্রিসভার বৈঠকে। এ বিশ্ববিদ্যালয় স্থাপনকে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্তমান সরকার ইতিমধ্যে এ বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করে গাজীপুরস্থ ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরিত্যক্ত ক্যাম্পাসে জমি ও ভবন বরাদ্দ করেছেন।

### নামকরণ নিয়ে সমস্যা

প্রাথমিক পর্যায়ে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের নাম বাংলাদেশ অনুমোদনকারী বিশ্ববিদ্যালয় রাখা হলেও শিক্ষা মন্ত্রণালয় একে 'জাতীয় বিশ্ববিদ্যালয়' নামকরণের পক্ষপাতী। গত ২৪শে মার্চ এবং ২০শে এপ্রিল মন্ত্রিসভার দুটো বৈঠকে নামকরণ ও এ সম্পর্কে প্রণীত আইনের খসড়া গৃহীত হয়নি। মন্ত্রিসভা এর নাম জাতীয় বিশ্ববিদ্যালয় রাখার বিপক্ষে। কারণ এতে বিভ্রান্তি ও বিরূপ প্রতিক্রিয়া দেখা দেবে। মন্ত্রিসভা একটি সাব-কমিটিকে অনুমোদনকারী বিশ্ববিদ্যালয়ের পুরো বিষয় সম্পর্কে সুপারিশ প্রণয়নের দায়িত্ব দিয়েছে।

শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকারকে আহ্বায়ক করে গঠিত মন্ত্রিসভা সাব-কমিটির প্রথম বৈঠক গতকাল রোববার সন্ধ্যায় অনুষ্ঠিত হয়। সভায় প্রাসঙ্গিক বিষয়সমূহ আলোচনা করা হয়।

10